


নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	শিবনাথ রায় মহাপরিদর্শক
সভার তারিখ	:	০৯ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ
সভার সময়	:	বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান	:	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ২০১৯-২০২০ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া উপস্থাপন করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	<u>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০: ওয়েবসাইটে প্রকাশ করা।</u>	আগামী ১০-০৭-২০১৯ তারিখের মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ টি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	জাহাঙ্গীর আলম বাবু, শ্রম পরিদর্শক (সাধারণ)
২	<u>বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ</u>	ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে উপমহাপরিদর্শক (সেইফটি) এবং বিকল্প হিসেবে সহকারী মহাপরিদর্শক (সেইফটি), প্রধান কার্যালয়কে মনোনয়ন করা হলো। খ) অফিস আদেশ প্রস্তুত করে তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জাহাঙ্গীর আলম বাবু, শ্রম পরিদর্শক (সাধারণ)
৩	<u>জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ</u>	জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" হিসেবে তথ্য ও জনসংযোগ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।	তথ্য ও জনসংযোগ কর্মকর্তা ৩ জাহাঙ্গীর আলম বাবু, শ্রম পরিদর্শক (সাধারণ)
৪	পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুতপূর্বক তা ১৫ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জাহাঙ্গীর আলম বাবু, শ্রম পরিদর্শক (সাধারণ)
৫	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন	আগস্ট, ২০১৯ মাসে ২০ জন কর্মচারীর অংশগ্রহণে শুদ্ধাচার বিষয়ক ইন-হাউস প্রশিক্ষণ আয়োজন করা হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
২০/৭/২০১২

বিতরণ: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) কার্যার্থে /

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩. যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৪. যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫. যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৬. যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭. উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৮. উপ মহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯. উপ মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০. সহকারী মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১১. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১২. শ্রম পরিদর্শক (সাধারণ), আই সি টি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৩. জনাব.....
১৪. অফিস কপি।